

জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড :

1	5	0
---	---	---

সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

মান— ৭০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১. ★ মামুন ঈদের ছুটিতে সোনারগাঁওয়ে লোকশিল্প জাদুঘরে বেড়াতে গেল। এক সময় এটি একটি নগর ছিল। সেখানে যাওয়ার পর সরদারবাড়ির স্থাপত্যরীতি দেখে সে মুগ্ধ হলো। তারপর তারা “শাড়ি” তাঁত শিল্প দেখতে গেল।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ি কোথায় অবস্থিত? ১

খ. প্রত্নতত্ত্ব বলতে কী বোঝায়? ২

গ. সোনারগাঁও একসময় নগর হিসেবে বিখ্যাত ছিল কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. “সরদারবাড়ি মোগল স্থাপত্যরীতিতে নির্মাণ করা হয়”— বিশ্লেষণ কর। ৪

২. ★ শিক্ষক বললেন, “ব্রিটিশরা ভারতে তাদের শাসনকে পাকাপোক্ত করতে চেয়েছিল। এজন্য তারা ইংরেজি শিক্ষায় শিক্ষিত একটি অনুগত শ্রেণি তৈরি করতে শুরু করে।” আধুনিক শিক্ষার আরেকটি দিক হলো দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে মানুষের মধ্যে এক নতুন জাতীয়তাবাদী চেতনার বিকাশ। সেইসাথে মানুষের মনে স্বাধীনতার আকাঙ্ক্ষা ও গণতান্ত্রিক অধিকারবোধেরও উন্মেষ ঘটতে থাকে।

ক. কখন ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে? ১

খ. “দেওয়ানি” বলতে কী বোঝায়? ২

গ. “আধুনিক শিক্ষার সংস্পর্শে আসায় স্থানীয় মানুষের মধ্যে এক নতুন চেতনার স্ফূরণ ঘটতে থাকে”— এই নতুন চেতনার ফলাফল কী ছিল? ৩

ঘ. “আধুনিক শিক্ষার আরেকটি দিক হলো দেশপ্রেমে উদ্বুদ্ধ জাতীয়তাবাদী চেতনার বিকাশ” বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩. ★ সজল ও কাজল বাংলার ইতিহাস নিয়ে আলোচনা করছিল। কাজল সজলকে বলল যে, বাংলার নবাব বাহিনী একটি বিদেশি কোম্পানির সাথে মুখোমুখি যুদ্ধে পরাজিত হয়। নবাবের কিছু ঘনিষ্ঠ সহযোগী সেই কোম্পানিকে সাহায্য করে। সজল তার সাথে একমত প্রকাশ করল এবং বলল, “এতে একটি নতুন যুগের সূচনা হয় এবং এর ব্যাপক প্রভাব ছিল।”

- ক. মধ্যযুগে বাংলার রাজদরবারের ভাষা কী ছিল? ১
খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২
গ. কাজল যে যুন্দের কথা বলেছে পাঠ্যবইয়ের আলোকে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সজলের বক্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪. ► বশির ইংল্যান্ডের ইটন কলেজের একজন বাংলাদেশি ছাত্র। একদিন সে তার সহপাঠী জন এর সাথে ব্রিটেন ও বাংলাদেশের সংবিধানের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করছিল। জন বলল, “ব্রিটিশ সংবিধান রীতিনীতি, প্রথা ও ঐতিহ্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে।” বশির উত্তর দিল, “জনগণের মতামতের ভিত্তিতে বাংলাদেশের সংবিধান সংস্কার করা হয়।”

- ক. সংবিধান কী? ১
খ. “জনগণের সার্বভৌমত্ব” বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের সংবিধানের মধ্যে তুলনামূলকভাবে উত্তম কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. “বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর জন্য জনগণের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ সংবিধানই বেশি উপযোগী।” উদ্দীপক অনুযায়ী তুমি কি এ বক্তব্যের সাথে একমত? ৪

৫. ★ জনাব ইব্রাহিম বিপুল ভোটে রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। নির্বাচনে জয়ী হওয়ার পর তিনি এলাকায় অগ্রাধিকারের ভিত্তিতে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি তার নির্বাচনি এলাকার প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলো সংস্কারের পদক্ষেপ নেন। তিনি সবসময় এলাকার মেম্বার ও শিক্ষিত ব্যক্তিদের পরামর্শ ও উপদেশগুলো আগ্রহের সাথে শোনেন।

- ক. স্থানীয় সরকার কী? ১
খ. উদ্দীপকে উল্লিখিত স্থানীয় সরকারের গঠন বর্ণনা কর। ২
গ. বাংলাদেশের সকল ইউনিয়ন পরিষদে জনাব ইব্রাহিমের মতো চেয়ারম্যান বেশি প্রয়োজন — ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উদ্দীপকে উল্লিখিত অবস্থায় জনাব ইব্রাহিম তার এলাকায় প্রাথমিক শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করেছেন? যুক্তি দাও। ৪

৬. ► ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের দুজন ছাত্র স্মিথ ও ইসমাইল সরকারের গঠন নিয়ে আলোচনা করছে। স্মিথ বলল, “গণতন্ত্রে রাষ্ট্রের সার্বভৌম ক্ষমতা জনগণের


- হাতে ন্যস্ত থাকে।” ইসমাইল বলল, “জনগণই সকল ক্ষমতার উৎস। জনগণ তাদের ভোট প্রদানের ক্ষমতা অনুশীলনের মাধ্যমে তাদের প্রতিনিধি নির্বাচন করে।”
- ক. গণতন্ত্র কী? ১
- খ. সার্বভৌম ক্ষমতার আধুনিক ধারণাটি কী? ২
- গ. জনগণই সকল ক্ষমতার উৎস কেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. জনগণ কীভাবে উদ্দীপকে নির্দেশিত ক্ষমতা অনুশীলনের মাধ্যমে তাদের প্রতিনিধি নির্বাচন করে? বিশ্লেষণ কর। ৪
৭. ► জনাব মোসলেম ফরিদপুর জেলার একজন বিখ্যাত শিল্পপতি। তার দুইটি ঔষধ কোম্পানি রয়েছে। দেশের চাহিদা পূরণের পর বর্তমানে কিছু ঔষধ বিদেশে রপ্তানি হচ্ছে। তার ছোট ভাই মানিক কাতারে একটি খামারে কাজ করে। প্রতি মাসে সে পরিবারের কাছে বড় অংকের বৈদেশিক মুদ্রা পাঠায়।
- ক. GNP এর পূর্ণরূপ কী? ১
- খ. ‘মানব উন্নয়ন সূচক’ ধারণাটি ব্যাখ্যা কর। ২
- গ. জনাব মোসলেম এর কাজ আমাদের জাতীয় আয়ের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. বাংলাদেশের অর্থনীতিতে মানিকের প্রেরিত বৈদেশিক মুদ্রার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
৮. ► একদিন সামাজিক বিজ্ঞানের শিক্ষক জনাব 'A' বাংলাদেশের জনসংখ্যা ও উন্নয়ন সম্পর্কে নিচের তালিকা আলোচনা করেছিলেন।
- তালিকা-A: প্রাথমিক ও গণশিক্ষাকে অগ্রাধিকার দান, প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত সকল শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ, নারীদের আয়বৃদ্ধিমূলক কর্মসূচিতে অংশগ্রহণের ওপর গুরুত্ব আরোপ।
- তালিকা-B: প্রশিক্ষণ কর্মসূচি, সচেতনতা কার্যক্রম, ধর্মীয় নেতাদের উদ্বুদ্ধকরণ কর্মসূচি।
- ক. জনসংখ্যা নীতি কাকে বলে? ১
- খ. জনসংখ্যা ও সম্পদের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
- গ. তালিকা-'B' তে জনসংখ্যা নিয়ন্ত্রণের কোন ধরনের উদ্যোগকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কি মনে কর, আমাদের দেশে জনসংখ্যা নিয়ন্ত্রণে তালিকা 'B' এর চেয়ে তালিকা 'A' এর উদ্যোগটি বেশি গুরুত্বপূর্ণ? মতামত দাও। ৪

৯. ▶



- ক. বৈশ্বিক উষ্ণায়ন কী? ১
- খ. গ্রিন হাউস প্রতিক্রিয়ার জন্য উন্নত দেশগুলো দায়ী কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উপরের ছকে '?' চিহ্নিত স্থান দ্বারা কী নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কি মনে কর, বাংলাদেশ উদ্দীপকে নির্দেশিত সমস্যার ঝুঁকিতে রয়েছে? যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০. ▶



- ক. বিজু উৎসব কখন পালন করা হয়? ১
- খ. সর্বকনিষ্ঠ কন্যা সকল সম্পত্তির উত্তরাধিকারী কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উপরের চিত্রের উৎসবটি কী উপলক্ষে পালিত হয়? উক্ত জনগোষ্ঠী সম্পর্কে ব্যাখ্যা দাও। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত জনগোষ্ঠীর সামাজিক ও ধর্মীয় জীবনের বর্ণনা দাও। ৪

১১. ▶ একটি প্রবাদ আছে যে, “জীবন সংক্ষিপ্ত, কিন্তু বিদ্যা অনন্ত।” এ প্রবাদ অনুযায়ী শিক্ষার সময় দীর্ঘ এবং এটি মৃত্যু পর্যন্ত চলতে থাকে। সারাজীবনব্যাপী আমাদের অনেক কিছু শিখতে হয়। আমরা বিভিন্ন মাধ্যম বা প্রতিষ্ঠান থেকে বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জন করি। তারপর জীবনকে সুন্দর করতে আমরা এই জ্ঞান প্রয়োগ করি।

- ক. সামাজিকীকরণ কী? ১
- খ. সামাজিকীকরণের ক্ষেত্রে সংবাদপত্র গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে বর্ণিত প্রক্রিয়াটি কীভাবে আমাদের জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? ৩
- ঘ. তুমি কি মনে কর, উক্ত প্রক্রিয়ার ক্ষেত্রে ফেসবুক ও টেলিভিশন গুরুত্বপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও।

প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. এদেশে উপনিবেশিক শাসন বলতে বোঝায়—

- i. ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন
- ii. মার্কিন যুক্তরাষ্ট্রের শাসন
- iii. ব্রিটিশ শাসন

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ ii ও iii
- গ i ও iii
- ঘ i, ii ও iii

২. ★ সর্বপ্রথম কখন বাংলায় স্বাধীন রাজ্য প্রতিষ্ঠিত হয়?

- ক ৬ষ্ঠ শতকে
- খ ৭ম শতকে
- গ ৮ম শতকে
- ঘ ৯ম শতকে

৩. বখতিয়ার খলজি কোথায় তার শাসন প্রতিষ্ঠা করে?

- i. নদীয়া অঞ্চলে
- ii. উত্তর বাংলার কিছু অংশে
- iii. দক্ষিণ বাংলায়

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
- খ ii ও iii
- গ i ও iii
- ঘ i, ii ও iii

৪. বাণিজ্যিক বিপ্লব শুরু হয়—

- ক দ্বাদশ শতকে
- খ চতুর্দশ শতকে
- গ ষোড়শ শতকে
- ঘ সপ্তদশ শতকে

৫. ★ নিচের কোনটি বঙ্গভঙ্গ আন্দোলন?

- ক অসহযোগ আন্দোলন
- গ স্বদেশি আন্দোলন
- গ খিলাফত আন্দোলন
- ঘ স্বাধীনতা আন্দোলন

৬. কত সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কাশিম বাজার কুঠি স্থাপন করে?

- ক ১৬০০
- খ ১৬৫৮
- গ ১৭৫৭
- ঘ ১৮৫৭

৭. ★ ভিক্টোরিয়া পার্কের পূর্বনাম কী ছিল?

- ক রানি ভিক্টোরিয়া
- খ আন্টাঘর ময়দান
- গ জগন্নাথ পার্ক
- ঘ ব্রিটিশ পার্ক

৮. পাকিস্তানি সৈন্যরা বঙ্গবন্ধুকে কত নম্বর বাসা থেকে গ্রেফতার করে?

- ক ৩২ নং শুক্তাবাদ
- খ ৩২ নং ধানমন্ডি
- গ ৬২ নং আসাদগেট
- ঘ ৬২ নং কলাবাগান

৯. ★ গ্রামাঞ্চলের স্থানীয় সরকারের স্তর কয়টি?

- ক ২
- খ ৩
- গ ৪
- ঘ ৫

১০. বাংলাদেশে স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর কোনটি?

- ক গ্রাম পরিষদ
- খ পঞ্চায়েত
- গ ইউনিয়ন পরিষদ
- ঘ গ্রাম কাউন্সিল

১১. ★ বর্তমানে বাংলাদেশে কয়টি ইউনিয়ন পরিষদ আছে?

- ক ৪৪৯৮টি
- খ ৪৫৫৩টি
- গ ৪৬৯৮টি
- ঘ ৪৭৯৮টি

১২. ইউনিয়ন পরিষদের মূল লক্ষ্য কী?

- ক মামলার বিচার করা
- খ নতুন নেতা তৈরি
- গ গ্রামাঞ্চলের সমস্যা দূর করা
- ঘ শিক্ষার প্রসার

১৩. রাষ্ট্রের মূল চালিকা শক্তি কোনটি?

- ক সেনা বাহিনী
- খ সরকার
- গ স্থানীয় সরকার
- ঘ পুলিশ বাহিনী

১৪. ★ সংবিধান এবং নাগরিক অধিকারের রক্ষাকবচ হিসেবে কাজ করে কোনটি?

- ক আইনসভা
- খ শাসক
- গ বিচার বিভাগ
- ঘ পুলিশ বাহিনী

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:

আমাদের সরকার ব্যবস্থা হলো সংসদীয় পদ্ধতির। আমাদের এক কক্ষবিশিষ্ট আইনসভা রয়েছে। এটি আইন প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ সভার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজটি হলো বার্ষিক বাজেট অনুমোদন দেওয়া।

১৫. উদ্দীপকে উল্লিখিত সভা পরিচালনা করেন কে?

- ক স্পিকার
- খ ডেপুটি স্পিকার
- গ সভার নেতা
- ঘ হুইপ

১৬. উদ্দীপকে উল্লিখিত সরকার ব্যবস্থার প্রধান নির্বাহী কে?

- ক রাষ্ট্রপতি
- খ প্রধানমন্ত্রী
- গ স্পিকার
- ঘ স্বরাষ্ট্রমন্ত্রী

১৭. বাংলাদেশের বেশিরভাগ মানুষ কোথায় বাস করে?

- ক বিদেশে খ গ্রামে
গ শহরে ঘ পৌর এলাকায়

১৮. ★ অদক্ষ মানুষকে দক্ষ জনশক্তিতে পরিণত করাকে বলা হয়—

- ক মানব সম্পদ
খ মানব উন্নয়ন সূচক
গ মানব সম্পদ উন্নয়ন
ঘ যুব উন্নয়ন

১৯. GNP এর পূর্ণরূপ কী?

- ক Gross National Production
খ Gross National Product
গ Gross National Programme
ঘ Gross National Project

নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:
অষ্টম শ্রেণির ছাত্র হাসান তার বাবার সাথে বাংলাদেশের অর্থনীতি সম্পর্কে কথা বলছিল। তার বাবা বলল “আমাদের দেশের জাতীয় আয়ে একটি খাত সবচেয়ে গুরুত্বপূর্ণ যা এখনও সবচেয়ে বড় খাত। ২০১৫-১৬ অর্থ বছরে জাতীয় আয়ে এ খাতের অবদান ছিল ১৪.৩৩%।

২০. উদ্দীপকে কোন খাতকে তুলে ধরা হয়েছে?”

- ক বাণিজ্য খাত খ শিল্প খাত
গ কৃষি ও বনজ খাত ঘ সেবা খাত

২১. এ খাতের অন্তর্ভুক্ত হলো—

- ক শিল্প দ্রব্য খ শস্য ও শাকসবজি
গ পাইকারি বাণিজ্য ঘ স্বাস্থ্য ও নোবা

২২. ★ GDP বলতে বোঝায়—

- ক দেশের ভিতরে ও বাইরের মোট উৎপাদন
খ দেশের ভিতরের মোট উৎপাদন
গ মোট মাথাপিছু আয়
ঘ দেশের বাইরের মোট উৎপাদন

২৩. বাংলাদেশের জনসংখ্যা নীতির উদ্দেশ্য হলো—

- i. নারী ও শিশুদের অপুষ্টির হার কমিয়ে আনা
ii. পরিবার পরিকল্পনা কর্মসূচি জোরদার করা
iii. জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করা
নিচের কোনটি সঠিক?

- ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে?

- ক ১০১৫ খ ১০২০
গ ১২০০ ঘ ১২৩৭

২৫. ★ সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি?

- ক পরিবার খ স্থানীয় সমাজ
গ সমবয়সী সঙ্গী ঘ রাজনৈতিক প্রতিষ্ঠান

২৬. বর্তমান বিশ্বে সামাজিক যোগাযোগ মাধ্যম হিসেবে স্বীকৃত—

- i. ই-মেইল
ii. ফেসবুক
iii. টুইটার
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. চলচ্চিত্র হতে পারে—

- i. আনন্দদায়ক
ii. রুচিশীল
iii. শিক্ষামূলক
নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. ★ জাপানের উত্তর-পূর্ব এলাকায় সুনামি আঘাত হানে কবে?

- ক ২০০০ সালে খ ২০০১ সালে
গ ২০০৭ সালে ঘ ২০১১ সালে

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

সম্প্রতি বাংলাদেশে একটি দুর্যোগে সুন্দরবনের প্রায় ২৫ শতাংশ এলাকা বিধ্বস্ত হয়ে যায়। এ দুর্যোগে অনেক প্রাণহানি এবং সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এতে দেশ সংকটের মুখে পড়ে।

২৯. উদ্দীপকে কোন দুর্যোগকে ইঙ্গিত করা হয়েছে?

- ক আইলা খ মহাসেন
গ সুনামি ঘ নাগিস

৩০. উদ্দীপকে নির্দেশিত দুর্যোগে দেশের কোন অংশ আক্রান্ত হয়েছিল?

- ক পূর্ব খ পশ্চিম
গ উত্তর ঘ দক্ষিণ